দৈনিক সংবাদ

তারিখ 05 JUL 1998
পৃষ্ঠা ৫ কলাম ৭

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ৩৫ কোটি ৯৫ লাখ টাকার নয়া বাজেট ঘোষণা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮–৯৯ অর্থবছরের জন্যে ৩৫ কোটি ৯৫ লক্ষ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। তার বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছ থেকে ২৬ কোটি ৪৯ লক্ষ টাকার আশ্বাস পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সম্পদ থেকে ১ কোটি ৭৫ লাখ ১৫ হাজার টাকা যোগান দেয়া হবে। ফলে আগামী অর্থবছরে ঘাটতির পরিমাণ দাঁড়াবে ৭ কোটি ৭০ লাখ ৮৫ হাজার টাকা। ১৯৯৭–৯৮ অর্থবছরের সংশোধিত বাজেটে ৮১ লাখ টাকা ঘাটতি দেখানো হয়েছে।

গত ২৯শে জুন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হিসাব নিয়ামক ছিদ্দিকুর রহমান ভূঁইয়া সিন্ডিকেট ও ফিন্যান্স কমিটির যৌথ সভায় এ বাজেট উপস্থাপন করেন। বাজেট অধিবেশনে সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান। সভার প্রারম্ভে সাম্প্রতিক সময়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘটিত বিভিন্ন সন্ত্রাসী কর্মকান্ডের নিন্দা জানানো হয় এবং ঘটনায় নিহতদের বিদেহী আত্মার শান্তি কামনা করা হয়।

বাজেট অধিবেশনে জানানো হয় যে, বাজেটের ৭০% অর্থ ব্যয় হবে বেতন–ভাতা খাতে, শিক্ষা আনুষঙ্গিক খাতে ব্যয় হবে ৯.১১%। প্রত্যেক ছাত্রের পেছনে প্রতি বছর ২৫ হাজার ৫শ' ২০ টাকা ব্যয় হয় এবং ছাত্রপ্রতি ফি আদায় হয় ৩শ' ৮৭ টাকা। ১৯৯৬–৯৭ আর্থিক সালে এ ব্যয়ের পরিমাণ ছিল ২৮ হাজার ৫শ' ১৬ টাকা। এ বিপুল ব্যয়ের বিপরীতে এ বছর ছাত্রপ্রতি বছরে ফি আদায় হয়েছে ৪শ' ৭৪ টাকা। ফলে প্রত্যেক ছাত্রের পেছনে ভর্তুকির পরিমাণ দাঁড়ায় ২৮ হাজার ৪২ টাকা।